(প্রেস বিজ্ঞপ্তি - ১)

করোনা মোকাবেলায় নিজের এবং অন্যের সুরক্ষা নিশ্চিত করতে হবে - মেয়র

চট্টগ্রাম-০৫ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনার দ্বিতীয় ঢেউ কোভিড-১৯ সংক্রমণের তীব্রতরের মধ্যেও জীবন জীবিকার চাকা সচল রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রানান্তর প্রচেষ্ঠা চালিয়ে যাচ্ছেন। সংক্রমণের দ্রুত অবনতিশীল পরিস্থিতিতে লকডাউন প্রলম্বিত করা ছাড়া কোন উপায় ছিল না। এ অবস্থায় সাধারণ কর্মজীবী ও নিম্ন আয়ের মানুষের দুভোর্গ ও কষ্ট বেড়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দারিদ্র বিমোচনের যে ক্ষেত্র-তৈরী করে দিয়েছিলেন, করোনার ছোবল তার অগ্রযাত্রা আপাতত স্তিমিত হলেও সুন্দর ভবিষ্যত সাফল্য অপেক্ষমান। তার আগে আমাদের করোনাযুদ্ধে বিজয়ী হতে হবে। এ জন্য সবচেয়ে বেশি প্রয়োজন স্বাস্থ্যবিধি ও সরকারি নির্দেশনা মেনে চলা এবং নিজের ও অন্যের সুরক্ষা নিশ্চিত করা।
আজ বুধবার ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড কাউন্সিলর প্রাঙ্গনে ত্রাণ বিতরণ কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। কাউন্সিলর মো. ইলিয়াছের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, ওয়ার্ড সংরক্ষিত কাউন্সিলর হুরে আরা বেগম, ওয়ার্ড আওয়ামী সাধারণ সম্পাদক নাজিমুল ইসলাম মজুমদার, যুগ্ম সম্পাদক আবেদ মনসুর চৌধুরী, আইন বিষয়ক সম্পাদক মো. জানে আলম, অন্যান্যদের মধ্যে ফেরদৌস ইসলাম, সুলতান আহমদ, আনোয়ারুল হক জসিম, জাফর সওদাগর, আমির আহমেদ, মো. ইসহাক, জামাল আহমেদ, আশরাফুল আলম, আখতারুজ্জামান মাসুম প্রমুখ।

তিনি আরো বলেন, এবার পবিত্র রমজান মাসে নামাজ-রোজা এবাদত বন্দেগীর মাধ্যমে আত্মশুদ্ধির পাশাপাশি মানবিক কর্তব্য পালনের দায় বর্তেছে। করোনা ছোবলে দারিদ্র ও প্রান্তিক শ্রেণীর মানুষের জন্য প্রতি পরিবারে আড়াই হাজার টাকা করে ৩৬ লাখ পরিবারকে বরাদ্দ দেওয়া হয়েছে। যদিও তা যথেষ্ঠ নয়, এ জন্যে যে কোন সংকট মোকাবেলায় সরকারের পাশাপাশি বিত্তবানদের ভূমিকা থাকে। তাই এই দায়িত্ব পালনে বিত্তবান শ্রেণীকে দারিদ্র মানুষের পাশে দাঁড়ানো জন্য নিজ থেকে এগিয়ে আসতে হবে। তিনি আরো বলেন লকডাউন চলাকালীন সময়ে সিটি কর্পোরেশনের জরুরী সেবা ও জনগুরুত্বপূর্ণ সমস্যা নিরসনে কার্যক্রমে চলমান রয়েছে। তিনি ওয়ার্ড কার্যালয় নির্মাণের দাবী পূরণ করার ব্যাপারে এলাকাবাসীকে আশ্বস্ত করে বলেন, কিছুদিনের মধ্যে এ কাজ শুরু করা হবে।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

যে কোন দুযোর্গ দুর্বিপাকে আওয়ামী লীগের নেতা-কর্মীরা জনগণের পাশে থাকে - চসিক মেয়র

চট্টগ্রাম-০৫ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন আওয়ামী লীগ এবং সহযোগী সংগঠনের নেতাকর্মীরা যে কোন দুযোর্গ মোকাবেলায় মানুষের পাশে দাঁড়ায়। আওয়ামীলীগ যখন বিরোধী দলে ছিল সে সময়েও যেকোন দুযোর্গ দুর্বিপাকে সবার আগে আওয়ামী লীগ ছুটে যেত মানুষের পাশে।আজ করোনার ছোবলে মানুষ যখন অসহায় তখন আওয়ামী লীগ কর্মীরাই মাঠে থেকে মানবতার সেবা দিয়ে যাচ্ছে। তিনি যে কোন দুযোর্গ মোকাবেলায় আওয়ামী লীগ কর্মীদের জনগণের পাশে থাকতে আহ্বান জানান।

আজ বুধবার বিকেলে ৪৩নং সাংগঠনিক ওয়ার্ড কমিটির উদ্যোগে আমিন জুট মিল মাঠে ত্রাণ বিতরণ কর্মসূচীতে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন। কাউন্সিলর নুরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দীন, ওয়ার্ড কমিটির সভাপতি হাজী রুহুল আমিন, সাধারণ সম্পাদক মো. মালেক, মো. শেখ ফরিদ, ফয়েজ আহমদ ভূঁইয়া, মো. আলমগীর প্রমুখ। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রাম নগরীর জন্য অনেক কিছু দিয়েছেন এবং আরো দিতে চান। কিন্তু আমাদের মধ্যে চিন্তা ও কর্মের সমন্বয় না থাকায় চট্টগ্রামকে আন্তর্জাতিক মানের আধুনিক ও যুগোপযোগী নগরী হিসেবে সাজাতে ব্যর্থ হচ্ছি। যারা চট্টগ্রামের ভাল চান এবং সুন্দর স্বপ্ন দেখেন তাদের পরামর্শ নিয়ে দল-মত নির্বিশেষে অভিন্ন প্লাটফর্ম তৈরী করে চট্টগ্রামকে আধুনিক নগরীতে রূপান্তর করতে চাই। তিনি চসিকের আয় বৃদ্ধিতে নানামুখি প্রকল্প গ্রহন করার উপর গুরুত্ব দেয়া হচ্ছে বলেও জানান। চসিকের সেবার মান ও পরিধি আরো বাড়াতে সচেষ্ট আছেন বলে অভিমত ব্যক্ত করেন। করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্থ ও অসহায় মানুষকে মোবাইল ব্যাংকিং পরিসেবার মাধ্যমে দ্বিতীয় পর্যায়ে আর্থিক সহায়তা প্রধানমন্ত্রীর উদ্যোগে আড়াই হাজার টাকা করে চট্টগ্রামে ৯৯ হাজার ৯৭৭ পরিবার যে ঈদ উপহার পাচ্ছেন এর জন্যে তিনি প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

(প্রেস বিজ্ঞপ্তি - ৩)

দক্ষিণ-বাকলিয়ায় ত্রাণসামগ্রী বিতরণে মেয়র

রমজানে আত্মশুদ্ধির পাশাপাশি সমাজকেও শুদ্ধ করতে হবে

চট্টগ্রাম-০৫ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, পবিত্র রমজান মাসে আত্মশুদ্ধির পাশাপাশি সমাজকে শুদ্ধ করতে হবে। কারণ সমাজে নষ্ট মানুষের ভীড় বেড়েছে। তারা ধর্ম, মানবতা, মানুষ ও প্রকৃতিকে ক্ষত-বিক্ষত করছে। তাদের বিরুদ্ধে লড়াই করাটাই সবচেয়ে বড় ধর্ম কর্ম।তিনি আজ বুধবার নগরীর ১৯নং দক্ষিণ বাকলিয় ওয়ার্ডে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন।

ওয়ার্ড কাউন্সিলর মো. নুরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর শাহিন আকতার রোজী, আওয়ামী লীগ নেতা শফিউল আজম বাহার, জানে আলম, বখতেয়ার ফারুক, চেঙ্গিস খান, হানিফ মুন্সি, জাহাঙ্গীর আরিফ, জামাল সর্দার প্রমুখ। মেয়র আরো বলেন, করোনার ঢেউ মোকাবেলায় লকডাউন কঠোরভাবে পালন করতে পারলে সংক্রমণ ও মৃত্যুহার কমে আসবে। এ জন্য আমাদেরকে মনোবল, সাহস ও দৃঢ়তার সাথে স্বাস্থ্যবিধি ও সরকারি নির্দেশনা মেনে চলার পাশাপাশি ধর্মীয় সামাজিক দায়বদ্ধতাও পালন করতে হবে। এভাবেই আমরা সংকট থেকে মুক্তি পেতে পারি। তিনি পরে এলাকায় নিম্ন আয়ের এবং গরিবদের কাছে ত্রাণ সামগ্রী তুলে দেন।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন,
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩